দৈনিক সংবাদ

তারিখ ... 01 FEB 1997 ...
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ সম্পর্কে সরকারি ব্যাখ্যা

প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে বিতরণের পাঠ্যবই বাজারে বিক্রি এবং নতুন বইয়ের সাথে পুরনো বই বিতরণ সংক্রান্ত পত্রপত্রিকায় প্রকাশিত বিভিন্ন খবরের প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকৃতপক্ষে বিনামূল্যে বিতরণের জন্যে বিদেশী উন্নতমানের সাদা কাগজে ছাপা প্রাথমিক বিদ্যালয়ের বইসমূহ দাতা সংস্থাগুলোর অর্থানুকূল্যে প্রকাশিত হয়েছে। এ সম্পর্কে দাতা সংস্থাগুলোরই পরামর্শ রয়েছে যে, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ছাত্রছাত্রীদের মোট ৩টি বইয়ের মধ্যে ২টি নতুন বইয়ের সাথে একটি করে পুরনো বই এবং তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে ৬টি বইয়ের মধ্যে ৪টি নতুন বইয়ের সাথে ২টি করে পুরনো বই দিতে হবে।

বছরের শুরুতেই ছাত্রদের নির্দেশ ও পরামর্শ দেয়া থাকে যে, প্রত্যেকে যেন ভালভাবে বইগুলো ব্যবহার করে। যেহেতু বিদেশী উন্নতমানের সাদা কাগজে তা ছাপা হয় সেহেতু ভালভাবে সংরক্ষিত হলে তা এমনিতেও একাধিকবার ব্যবহারের উপযোগী থাকে। তবে এর মধ্যে যদি ব্যবহারের অনুপযোগী বই থাকে তাহলে সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসে চাহিদা পাঠালে নতুন বই সরবরাহ করার নির্দেশ রয়েছে।

মূলত বেসরকারি খাতে প্রাথমিক শিক্ষার এ বইসমূহ ছাপা হয়ে থাকে। এবছর দেশের প্রায় ৫৮ হাজার সরকারি ও বেসরকারি রেজিস্টার্ড স্কুলের প্রায় ১ কোটি ৭০ লাখ ছাত্রছাত্রীর মধ্যে বিনামূল্যে বিতরণের জন্যে ৬ কোটি ১৭ লাখ ৭৩ হাজার নতুন বই মুদ্রিত হয়েছে। বইগুলো বিতরণের পূর্বে সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিস ও বিদ্যালয়ের সীলমোহর দেয়ার নির্দেশ রয়েছে। এছাড়াও পেছনের মলাটে কোড নম্বরও ব্যবহার করা হয়েছে।

মোট পরিকল্পিত সংখ্যার বাইরে কোন বই ছাপা হয়েছে কিনা অথবা বিনা মূল্যের বই শিক্ষা অফিস, বিদ্যালয় অথবা ছাপাখানা থেকে খোলাবাজারে বিক্রির জন্য এসেছে কিনা সরকার তা সরেজমিনে তদন্ত করেদেখছে।

বিনামূল্যে বিতরণের জন্যে প্রাথমিক শিক্ষার এ পাঠ্যবই অবৈধভাবে সংগ্রহ মজুত অথবা বিক্রয় আইনত নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। বইয়ের দোকানসমূহকে সতর্ক করা হয়েছে যে, তারা যেন বিনামূল্যে বিতরণের জন্য মুদ্রিত পুস্তক সংগ্রহ, মজুত ও বিক্রি করা থেকে বিরত থাকে। খবর সরকারি তথ্য বিবরণীর।